

### চতুর্থ মেধাতালিকা প্রকাশ :-

এতদ্বারা জানানো যাচ্ছে যে, ২০২২-২০২৩ শিক্ষাবর্ষে বি.এ., বি.এসসি. ও বি.কম্ (অনার্স ও জেনারেল) কোর্সে প্রথম সেমেস্টারে ভর্তির চতুর্থ মেধাতালিকা প্রকাশিত হল। উক্ত মেধাতালিকার ছাত্রছাত্রীরা ০১-০২ সেপ্টেম্বর, ২০২২ এর মধ্যে **ONLINE-** এর মাধ্যমে নির্দিষ্ট ফি জমা দিয়ে ভর্তি প্রক্রিয়া সম্পন্ন করবে। ভর্তির জন্য কলেজে আসার কোন প্রয়োজন নেই। ভর্তির নির্দিষ্ট দিন অতিক্রান্ত হবার পর প্রকাশিত মেধাতালিকায় ভর্তি না হওয়া ছাত্রছাত্রীর কোন আবেদন গ্রাহ্য হবে না।

প্রসঙ্গত উল্লেখ্য প্রথম সেমেস্টারে ২০২২-২৩ শিক্ষাবর্ষে ভর্তি হওয়া ছাত্র-ছাত্রীর প্রদেয় তথ্য কলেজ যাচাই করেনি। প্রদেয় তথ্যের দায়িত্ব সম্পূর্ণরূপে ভর্তি হওয়া ছাত্র-ছাত্রীর নিজস্ব। দাখিল করা তথ্যে যদি কোনোরূপ অসঙ্গতি ও অসম্পূর্ণতা থাকে এবং সে কারণে যদি আবেদনকারীর ভর্তি বাতিল হয়, তবে রাজ্যের উচ্চশিক্ষা দপ্তরের নির্দেশ মোতাবেক কলেজ কর্তৃপক্ষ কোনভাবেই দায়ী থাকবে না।

### চতুর্থ মেধাতালিকায় ভর্তির নির্ঘণ্ট :-

১ সেপ্টেম্বর, ২০২২ (বৃহস্পতিবার) সকাল ৬.০০ টা থেকে ২ সেপ্টেম্বর, ২০২২ (শুক্রবার) রাত ১১.৩০ পর্যন্ত ভর্তি প্রক্রিয়া চালু থাকবে।

পরবর্তী মেধাতালিকার জন্য কলেজের ওয়েবসাইট নিয়মিত লক্ষ্য রাখতে হবে।

আদেশানুসারে